দৈনিক

# দুর্নীতিবাজ কিছু শিক্ষক প্রশ্ন ফাঁসে জড়িত ॥ নাহিদ

স্টাফ রিপোর্টার, সিলেট অফিস ॥ শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, দুর্নীতিবাজ কিছু শিক্ষকের হাত ধরে প্রশ্নপত্র ফাঁসের ঘটনা ঘটছে। যুগ যুগ ধরে প্রশ্ন ফাঁস হচ্ছে। এর মূল

(২ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)

## দুর্নীতিবাজ কিছু

(প্রথম পৃষ্ঠার পর)

উৎস ছিল বিজি প্রেস। এক সময় বিজি প্রেসের একটি সিন্ডিকেট প্রশ্ন ফাঁসের সঙ্গে জড়িত ছিল। এখন সে সিন্ডিকেট ভাঙ্গা হয়েছে। নতুন সেট সিস্টেম চালু করে নিরাপদে জেলায় জেলায় প্রশ্ন পৌছে দেয়া হচ্ছে।

বর্তমানে কিছু শিক্ষক এমন দুর্নীতিতে জড়িয়ে পড়েছেন উল্লেখ করে মন্ত্রী বলেন, আমাদের সবচেয়ে আস্থার জায়গা শিক্ষকরা। এদের মধ্যেও কিছু দুর্নীতিবাজ ঢুকে গেছে। এদের হাত ধরেই প্রশ্ন ফাঁসের ঘটনা ঘটছে। যারা প্রশ্ন ফাঁস করছে এবং যে অভিভাবক টাকার বিনিময়ে প্রশ্ন কিনছে তাদের চিহ্নিত করে ব্যবস্থা নেয়া দরকার বলেও মনে করেন শিক্ষামন্ত্রী। মঙ্গলবার দুপুরে সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা জানান। মন্ত্রী আরও বলেন, এসএসসি পরীক্ষায় গণিত বিষয়ের প্রশ্নপত্র ফাঁস হওয়ার খবরে এখনই পরীক্ষা বাতিল করা হচ্ছে না। বিষয়টি আরও যাচাই-বাছাই করা হবে। তদন্ত সাপেক্ষে এ বিষয়ে পদক্ষেপ নেয়া হবে।